



যৌথ মালিকদের জন্য তথ্য

আপনার গৃহের শেয়ার ক্রয় ও বিক্রয়

আপনার শেয়ার বৃদ্ধি পেতে থাকলে আপনার ভাড়া কমতে থাকে। তবে, কোন কোন গ্রামীণ এলাকায় আপনার গৃহের আরো বেশী সংখ্যক শেয়ার ক্রয়ের আপনার ক্ষমতা আমরা সীমিত করতে পারি, অথবা (পূর্ণ বাজার দরে) ক্রয়ের মাধ্যমে প্রপার্টি ফেরত নেওয়ার অধিকার সংরক্ষণ করি। এর ফলে আমরা এ সকল কমিউনিটিতে অব্যাহতভাবে স্বল্পমূল্যে গৃহায়ন সুবিধা দিতে পারি। যে বাড়ীটি আপনি ক্রয় করতে ইচ্ছুক তার ক্ষেত্রে এসব বিধিনিষেধ প্রযোজ্য কি না তা আমরা আপনাকে জানিয়ে দেব।

যদি আপনি আপনার বাড়ী বিক্রি করেন

যদি আপনি আপনার বাড়ী বিক্রি করতে চান, তাহলে আপনি যে কোন সময় তা করতে পারেন। কিন্তু অনুগ্রহ করে তা প্রথমে আমাদেরকে লিখিতভাবে জানাবেন। তারপর আমরা আপনার প্রপার্টি মূল্যায়ন করবো, যার জন্য আমরা আপনাকে একটি মূল্যায়ন (valuation) ফী অগ্রীম প্রদানের অনুরোধ জানাবো। যখন আপনি আপনার বাড়ী বিক্রি করবেন তখন আপনাকে কিছু আইনগত খরচও বহন করতে হবে।

আপনি সরাসরি প্রপার্টির মালিক না হয়ে থাকলে আপনার ভোগদখলের চুক্তিনামায় সাধারণত একটি মনোনয়ন কালের উল্লেখ থাকবে। এক বা দুই মাসের এই সময়কালে আমরা আমাদের সম্ভাব্য ক্রেতার তালিকা থেকে আপনার গৃহের জন্য একজন ক্রেতা খুঁজতে চেষ্টা করি। এই পরিষেবার জন্য একটি ফী দিতে হয় — যা সাধারণত প্রপার্টির মূল্যের এক শতাংশ।

যদি মনোনয়ন কালের মধ্যে আমরা ক্রেতা খুঁজে না পাই, তাহলে আপনি আপনার গৃহ খোলাবাজারে ছাড়তে পারেন। তবে আপনার ভোগদখল চুক্তিপত্রে (লীজ) উল্লেখ করা একটি ধারার মাধ্যমে আমরা বিক্রয়মূল্যকে সীমিত রাখতে পারি। এটা এই কারণে যে যাদের উদ্দেশ্যে যৌথ মালিকানা (Shared Ownership), তাদের জন্য যেন প্রপার্টিখানি লাভ করার সুযোগ থাকে। অধিক তথ্যের জন্য অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।